

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

২৮ ভাদ্র ১৪২৫
১২ সেপ্টেম্বর ২০১৮

বাণী

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ২৫ বছর পূর্তি উপলক্ষে কমিশনের কর্মকর্তা-কর্মচারি, বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের কার্যকর নিয়ন্ত্রণ ও সক্ষমতা উন্নয়নসহ বিনিয়োগকারীদের সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে। দেশে ব্যবসা-বাণিজ্যের প্রসারে মূলধন যোগানদাতা হিসেবে পুঁজিবাজারের গুরুত্ব অপরিসীম। পুঁজিবাজারকে শক্ত ভিত্তির উপর দাঁড় করাতে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি বিনিয়োগকারীদের মধ্যে সচেতনতা সৃষ্টি অত্যন্ত জরুরি। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ লক্ষ্যে আইনগত কাঠামো শক্তিশালীকরণ, প্রয়োজনীয় অবকাঠামো প্রতিষ্ঠা ও উন্নয়ন, বিনিয়োগের নতুন ক্ষেত্র সৃষ্টি এবং বাজারের ক্রমবর্ধমান স্থিতিশীলতা অর্জনে কাজ করে যাচ্ছে। পুঁজিবাজারকে স্থিতিশীল, বিনিয়োগবান্ধব ও সমৃদ্ধ করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আরও সক্রিয় ভূমিকা পালন করবে- এটাই সকলের প্রত্যাশা।

নানা প্রতিকূলতা মোকাবিলা করে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে এগিয়ে যাচ্ছে। পুঁজিবাজারও দেশের এ অগ্রযাত্রার গুরুত্বপূর্ণ অংশীদার। আমি আশা করি ২৫ বছরের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারকে আন্তর্জাতিক মানে উন্নীত করার মাধ্যমে দেশের অর্থনীতিকে শক্তিশালী ভিত্তির উপর প্রতিষ্ঠা করতে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

আমি বাংলাদেশের পুঁজিবাজারের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

